

# বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)

বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ # ৭/৭এ, ব্লক # এইচ ১, সেক্টর # ১৭, উত্তরা, ঢাকা।

বিজ্ঞপ্তি নং-বিজিএ/মেম্বারশীপ/২০২২/১৩০২

২৭ ডিসেম্বর ২০২২

## সকল সম্মানিত সদস্য এবং সহযোগী সদস্যদের জন্য

বিজিএমইএ'র সকল সম্মানিত সদস্যদের জানানো যাচ্ছে যে, ২০২৩ সালে সদস্যদের আইডি কার্ড ইস্যু কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বিজিএমইএ'র সদস্যগণ ১লা জানুয়ারি ২০২৩ থেকে আইডি কার্ডের জন্য আবেদন করতে পারবেন।

আইডি কার্ডের জন্য নিম্নোক্ত তথ্যগুলো ইংরেজিতে পূরণ করে কোম্পানীর লেটার হেড প্যাডে জমা দিতে হবেঃ

1. Name of Member :
2. Designation :
3. Name of Unit :
4. BGMEA Reg. No. :
5. Blood Group :
6. Telephone No. :
7. Mobile No. :
8. E-mail :
9. Signature :.....

## নিয়মাবলী :

১। লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে কোম্পানীর শেয়ার হোল্ডার ডিরেক্টরগণ, প্রোপাইটরশীপের ক্ষেত্রে প্রোপাইটর এবং পার্টনারশীপের ক্ষেত্রে পার্টনারগণ বিজিএমইএ থেকে মেম্বার আইডি কার্ড করতে পারবেন।


২। প্রতিটি আইডি কার্ডের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা মানি রিসিপ্ট আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৩। মেম্বার আইডি কার্ডের জন্য আবেদন পত্রের ২কপি জমা দিতে হবে। প্রতিটি আবেদন পত্রের সাথে ১টি করে পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে।

৪। আবেদন পত্রের সাথে লিমিটেড কোম্পানী হলে Memorandum and Articles of Association, প্রোপাইটরশীপের ক্ষেত্রে Trade License এবং পার্টনারশীপের ক্ষেত্রে Partnership Deed-এর ফটো কপি জমা দিতে হবে।

৫। আবেদন পত্রটি অবশ্যই প্রতিষ্ঠানের চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/প্রোপাইটর/পার্টনার দ্বারা স্বাক্ষরিত হতে হবে এবং প্রতিষ্ঠানের সীল থাকতে হবে।

ধন্যবাদান্তে,



মোঃ ফয়জুর রহমান

মহাসচিব